দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

## দূর শিক্ষণে মহিলা আসন সংরক্ষণ করা হোক

বাংলাদেশ দূরশিক্ষণ ইনস্টিটিউটের দূর শিক্ষণে বিএড ডিগ্রি প্রদানের ব্যবস্থায় শহরের শিক্ষার্থীরা উপকৃত হলেও গ্রামের শিক্ষার্থী বিশেষ করে মহিলা শিক্ষার্থীরা উপকৃত হচ্ছেন না। কারণ কর্তৃপক্ষ মোট আসনের শতকরা ষাটভাগ আসন "আগে আসলে আগে পাবেন ভিত্তিতে" বরাদ্দ করার নীতিমালা গ্রহণ করায় গ্রাম এলাকায় বসবাসরত মহিলা শিক্ষার্থীরা স্বাভাবিকভাবেই শহরে বসবাসরত শিক্ষার্থীদের কাছে নির্ধারিত ফরম সংগ্রহ এবং তা কর্তৃপক্ষের কাছে পৌঁছানোর অসম প্রতিযোগিতায় পিছিয়ে পড়েন। এই ব্যবস্থায় গ্রামের মহিলা শিক্ষার্থীদের দূর শিক্ষণে বিএড কোর্স সম্পন্ন করার সুযোগ সৃষ্টির লক্ষ্যে মহিলাদের জন্য আসন সংরক্ষণ ব্যবস্থা প্রবর্তন করা দরকার। এ ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাচ্ছি।

নেহার
সহকারী শিক্ষিকা
হাজী মফিজ আলী বালিকা উচ্চ বিদ্যালয়
বিশ্বনাথ, সিলেট